

Sura 1, The Key (Al-Fātehah)
সূরা ১, চাবি (আল-ফাতেহা)

[1:1] In the name of GOD, Most Gracious, Most Merciful.*

[১:১] পরম করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে।*

[1:2] Praise be to GOD, Lord of the universe.

[১:২] প্রশংসা আল্লাহর, যিনি বিশ্বজগতের পালনকর্তা।

[1:3] Most Gracious, Most Merciful.

[১:৩] পরম করুণাময়, পরম দয়ালু।

[1:4] Master of the Day of Judgment.

[১:৪] বিচার দিনের মালিক।

[1:5] You alone we worship; You alone we ask for help.

[১:৫] আমরা একমাত্র আপনার আরাধনা করি; একমাত্র আপনার কাছে সাহায্য প্রার্থনা করি।

[1:6] Guide us in the right path;

[১:৬] আমাদেরকে সঠিক পথে পরিচালিত করুন;

[1:7] the path of those whom You blessed; not of those who have deserved wrath, nor of the strayers.

[১:৭] তাদের পথে যাদেরকে আপনি সৌভাগ্যশালী করেছেন; ওদের পথে না যারা নিজেদের উপর আপনার গভীর ক্রোধ ডেকে এনেছে, আর না বিপথগামীদের পথে।

*1:1 The first verse in the Quran represents the foundation upon which a superhuman 19-based mathematical miracle is built. This important statement consists of 19 Arabic letters, and every word in it occurs in the whole Quran in multiples of 19 (see Appendices 1 & 29 for the details).

*১:১ কোর'আনের মূল ভিত্তি যে এক অতীমানবীয় ১৯ ভিত্তিক গনিতিক অলৌকিকতার উপর স্থাপিত, বিসমিল্লাহ অর্থাৎ কোর'আনের সর্বপ্রথম আয়াত তারই প্রতিনিধিত্ব করে। এই গুরুত্বপূর্ণ লিখিত বিবৃতিতে রয়েছে ১৯টি আরবী অক্ষর, এবং এর মধ্যকার প্রত্যেকটি শব্দ কোর'আনে যতবার উল্লেখ আছে তা ১৯ এর গুণিতক (পরিশিষ্ট ১ ও ২৯ দেখুন)।

*1:1-7 Sura 1 is God's gift to us to establish contact with Him through the daily Contact Prayers. This fact is supported by an earth-shattering, simple-to-understand-but-impossible-to-imitate mathematical composition that challenges the greatest mathematicians on earth, and stumps them; it is far beyond human capabilities:

*১:১-৭ সূরা ১নং হচ্ছে আমাদের কাছে আল্লাহ প্রদত্ত উপহার যা দিয়ে আমরা তাঁর সাথে প্রতিদিনের সংযোগ প্রার্থনার মাধ্যমে অর্থাৎ নামাজের মাধ্যমে তাঁর সাথে যেন সংযোগ সাধন করতে পারি। এই সত্যতাকে সমর্থন করে পৃথিবীকে তোলপাড় করার মত এমন এক গণিত সংযুক্তি যা বুদ্ধিতে-সহজ-কিন্তু-নকল-করা-অসম্ভব এবং এটি পৃথিবীর বড় বড় গণিতশাস্ত্রবিদগণকে চ্যালেঞ্জ করে, এবং তাদের ধরাশায়ী করে ছাড়ে; প্রকৃতপক্ষে এটি মানুষের সাধ্যাতীত:

(1) The sura number, followed by the numbers of verses, next to each other, give 1 1 2 3 4 5 6 7. This number is a multiple of 19.

(১) এই সূরার নং এবং এতে নিহিত আয়াতগুলির নম্বর একের পর এক লিখলে, তা হয় ১ ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭। এই সংখ্যাটি ১৯ এর গুণিতক।

(2) If we substitute the number of letters per verse in place of the verse numbers, we get 1 19 17 12 11 19 18 43. This number is also a multiple of 19.

(২) যদি আমরা প্রত্যেক আয়াত নম্বরের জায়গায় সেই আয়াতের মোট অক্ষরগুলির সংখ্যা বসাই, তখন আমরা পাই: ১ ১৯ ১৭ ১২ ১১ ১৯ ১৮ ৪৩। এই সংখ্যাটিও ১৯ এর গুণিতক।

(3) If we insert the total gematrical value of every verse, we get 1 19 786 17 581 12 618 11 241 19 836 18 1072 43 6009. This number is a multiple of 19.

(৩) যদি আমরা এর ভেতরে প্রত্যেক আয়াতের মোট গেমাত্রিকাল মান বসাই, তখন আমরা পাই: ১ ১৯ ৭৮৬ ১৭ ৫৮১ ১২ ৬১৮ ১১ ২৪১ ১৯ ৮৩৬ ১৮ ১০৭২ ৪৩ ৬০০৯। এই সংখ্যাটিও ১৯ এর গুণিতক।

Verse No. -- No. of Letters -- Gematrical Value

আয়াত নং -- অক্ষরের সংখ্যা -- গেমাত্রিকাল মান

=====

1 19 786

১ ১৯ ৭৮৬

2 17 581

২ ১৭ ৫৮১

3 12 618

৩ ১২ ৬১৮

4 11 241

৪ ১১ ২৪১

5 19 836

৫ ১৯ ৮৩৬

6 18 1072

৬ ১৮ ১০৭২

7 43 6009

৭ ৪৩ ৬০০৯

Totals 139 10143

মোট ১৩৯ ১০১৪৩

(4) The number shown above includes all parameters of Sura 1 and consists of 38 digits (19x2).

(৪) সূরা ১ এবং উপরে তার বিচার্য ক্ষেত্রের ধ্রুবকবিশেষ ৩৮ (১৯x২) অঙ্কে গঠিত।

(5) It is noteworthy that this 38-digit number is still divisible by 19 when we write its components backward, from right to left, as practiced by the Arabs. Thus, 6009 43 1072 18 836 19 241 11 618 12 581 17 786 19 1 is also a multiple of 19.

(৫) এটি লক্ষ্য করার মত যে এই ৩৮টি অঙ্কের সংখ্যা তখনও ১৯ দ্বারা বিভাজ্য যখন আমরা এর উপাদানসমূহকে উলটো করে লিখি, ডান থেকে বামে যেভাবে আরবে লেখা। এইভাবে করলে হয়: ৬০০৯ ৪৩ ১০৭২ ১৮ ৮৩৬ ১৯ ২৪১ ১১ ৬১৮ ১২ ৫৮১ ১৭ ৭৮৬ ১৯ ১, এটিও ১৯ এর গুণিতক।

(6) The mathematical representations mentioned above participate in numerous extraordinary mathematical phenomena to confirm all details of the five daily Contact Prayers (Appendix 15).

(৬) উপরে উল্লিখিত গাণিতিক প্রয়োগগুলো এমন অনেক অসাধারণ গাণিতিক সংযুতির মাধ্যমে দৈনিক পাঁচ বেলায় সংযোগ প্রার্থনাকে সবিস্তারে সুনিশ্চিত করে (পরিশিষ্ট ১৫)।

(7) Many more astounding phenomena are given in Appendix One. Thus, the reader is handed, at the outset, tangible proof that this is God's message to the world.

(৭) আরও অনেক বিস্ময়কর ঘটনা উল্লেখ আছে পরিশিষ্ট ১-এ। এইভাবে, একেবারে শুরুতেই পাঠকের কাছে পৌছানো হয়েছে ধরাছোয়া যায় এমন স্পষ্ট প্রমাণ, যে এটি পৃথিবীতে কেবলমাত্র আল্লাহর পক্ষ থেকেই প্রেরিত বার্তা।

এই বাংলা অনুবাদে যদি কোনো রকম ভুল বা বিচ্যুতি চোখে ধরা পড়ে, দয়া করে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।
Please pardon if there is any notable discrepancy in this Bengali translation.

May God guide us to improve the translation over time, to what pleases Him the most.

(Updated October 2012)